**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।**

**এস,আর,ও নং- ১৩৭-আইন/২০১৪/২৫০১/কাস্টমস**।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উলিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ–ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উলিখিত Heading এর আওতাধীন কলাম (2) তে বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উলিখিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, যদি থাকে, এবং সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল ঃ-

TABLE

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 72.08 | 7208.26.10 | Hot rolled iron or steel plate |
| | 7208.27.10 | Hot rolled iron or steel plate |
| | 7208.51.10 | Hot rolled iron or steel plate |
| | 7208.52.10 | Hot rolled iron or steel plate |
| 72.10 | 7210.61.10 | Flat rolled product of iron or non-aloy steel |
| | 7210.61.20 | Flat rolled product of iron or non-aloy steel |
| | 7210.61.90 | Flat rolled product of iron or non-aloy steel |
| | 7210.70.10 | Flat rolled product of iron or non-aloy steel |
| | 7210.70.20 | Flat rolled product of iron or non-aloy steel |
| 72.16 | 7216.32.00 | I-sections |
| | 7216.33.00 | H-sections |
| 73.18 | 7318.14.10 | Self taping screw |
| | 7318.15.00 | Bolts |
| 76.07 | 7607.20.10 | Aluminium insulation |

**শর্ত**

(১) আবেদনকারীকে Bangladesh Garments Manufacturers and Exporters Association (বিজিএমইএ) বা Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (বিকেএমইএ) এর সদস্যভুক্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে;

(২) আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক অনুবিভাগের শুল্ক নীতি শাখায় আবেদন করিতে হইবে, যথা ঃ-

(ক) বিজিএমইএ বা বিকেএমইএ এর নিকট হইতে **পরিশিষ্ট-১** অনুযায়ী প্রত্যয়নপত্র;

(খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্মাণাধীন স্থাপিতব্য বিল্ডিং এর নকশা (Layout plan);

(গ) বিজিএমইএ বা বিকেএমইএ কর্তৃক সত্যায়িত স্থাপনা নির্মাণ সংশ্লিষ্ট জায়গার দলিলের কপি;

(ঘ) মূসক নিবন্ধিত প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট হইতে উক্তরূপ স্থাপনা নির্মানে TABLE-এ বর্ণিত পণ্যের মধ্যে কোন্ কোন্ পণ্য কি পরিমানে আমদানি করিতে হইবে **পরিশিষ্ট-২** অনুযায়ী উহার সুস্পষ্ট ঘোষণাপত্র;

(ঙ) আমদানিকৃত উপকরণ দ্বারা অনুমোদিত নকশা অনুযায়ী বিল্ডিং যথাযথভাবে নির্মাণ করা হইয়াছে এই মর্মে বিজিএমইএ বা বিকেএমইএ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক **পরিশিষ্ট-৩** অনুযায়ী প্রদত্ত প্রত্যয়নপত্র;

(৩) আমদানিকৃত পণ্য শুল্কায়নপূর্বক খালাসের পর সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক নীতি শাখায় আমদানি সংক্রান্ত দলিলাদি এর সত্যায়িত কপি প্রেরণ করিবে।

(৪) এই প্রজ্ঞাপনের আওতায় কোন প্রতিষ্ঠান শুধুমাত্র একবার আবেদন ও পণ্য আমদানি করিতে পারিবে।

## পরিশিষ্ট-১

## প্রত্যয়নপত্র
[শর্ত ২(ক) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -------------------------------------------------- ------- ঠিকানা -----------------------------------------------------------, মূসক নিবন্ধন নম্বর -------- বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত ও কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক হালনাগাদ পর্যন্ত নবায়নকৃত বিশেষ বন্ড লাইসেন্স (লাইসেন্স নং ................ ও তারিখ ....................) প্রাপ্ত একটি নূতন শতভাগ রপ্তানীমুখী/প্রতিষ্ঠিত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান যাহা বিজিএমইএ/বিকেএমইএ এর সদস্য। উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিম্ন তফসিলভুক্ত নিজস্ব মালিকানাধীন জায়গায় [............. সাব-রেজিষ্টার অফিসে রেজিষ্ট্রিকৃত দলিল নং ---------------- , তারিখ ---------------- এর মাধ্যমে মালিকানাপ্রাপ্ত] প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মানের জন্য নকশা অনুমোদনকারী কর্তৃপক্ষ --------------------------------------------------------------------------- (কর্তৃপক্ষের নাম, ঠিকানা ও অনুমোদন নম্বর) কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী স্থানীয় প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক নিরূপিত পরিমাণ পণ্য (এস,আর,ও নং **......-আইন/২০১৪/........../কাস্টমস, তারিখ ঃ ..../.../২০১৪ খ্রিষ্টাব্দ** অনুযায়ী) আমদানির সুপারিশ করা হইল।

## তফসিল

[প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মানের জন্য নির্ধারিত জমির বর্ণনা]

দাগ নং : ------------, খতিয়ান নং : -------------, জে, এল, নং : -------------------,

মৌজা : ---------------------, থানা/উপজেলা : -----------------------, জেলা : ------,

মোট জমির পরিমাণ : ----------------------------------------, সীমানা/চৌহদ্দি : ------

**তারিখ ঃ**

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ সভাপতি,
.........(সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বারের নাম ও ঠিকানা)
সীল ঃ

**পরিশিষ্ট-২**

**ঘোষণাপত্র**
**[শর্ত ২(ঘ) দ্রষ্টব্য]**

এই মর্মে ঘোষণা প্রদান করা যাইতেছে যে, মেসার্স ------------------------------------ঠিকানা ------------------------------------------------------------------------------------ মূসক নিবন্ধন নম্বর ------------------------ কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মানের জন্য নিম্নের ছকে বর্ণিত পরিমান পণ্য আমদানি করিতে হইবে, যথা ঃ-

ছক

| SL. No. | Heading | H.S.Code | Description of Goods | Quantity |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| | | | | |

তারিখ ঃ

স্বাক্ষর ঃ
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/মালিক
প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মানকারী প্রতিষ্ঠানের নাম ঃ
মূসক নিবন্ধন নম্বর ঃ

**পরিশিষ্ট-৩**

**প্রত্যয়নপত্র**
**[শর্ত ২(ঙ) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আমদানিকারক মেসার্স ........................., মূসক নিবন্ধন নং ................., বন্ড লাইসেন্স নং ................ তারিখ ঃ .................., সদস্য নং .................. তারিখ .................... কর্তৃক ইনভয়েস নং........................ তারিখ .................. এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং .................. তারিখ ................. এর মাধ্যমে .............................. শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং ................... তারিখ ..................... এর বিপরীতে খালাসকৃত পণ্য দ্বারা **পরিশিষ্ট-১** এ বর্ণিত স্থানে অনুমোদিত নকশা অনুযায়ী প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণ করিয়াছে। আমদানিকৃত সকল পণ্য উক্ত নির্মাণে ব্যবহৃত হইয়াছে এবং কোন পণ্যের অপব্যবহার করা হয় নাই।

স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ সভাপতি,
বিজিএমইএ/বিকেএমইএ
(সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বারের নাম ও ঠিকানা)
সীল ঃ

তারিখ ঃ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ ফরিদ উদ্দিন)**
**অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।**